গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ।
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)
www.sunamganj.gov.bd

স্মারক নং-৫১.০১.৯০০০.০০০.১৪.০৩০.২৩-১৪০ তারিখ: ১৪/১২/২০২৫ খ্রি:

বিষয়: ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বিভাগীয় কমিশনারের কার্যালয় হতে জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের অনুকূলে ২য় পর্যায়ে নগদ অর্থ উপ-বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর স্মারক নং-০৫.৪৬.০০০০.০০৫.১৪.০০১.১৭-৪৫ তারিখঃ ১১/১২/২০২৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট হতে জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের অনুকূলে ২য় পর্যায়ে মোট ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত অর্থে নিম্নলিখিত উপজেলার প্রেরিত প্রকল্প তালিকা বিভাগীয় কমিশনার, সিলেট মহোদয় কর্তৃক অনুমোদন হওয়ায় প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো। উপ-বরাদ্দকৃত অর্থ নিম্নলিখিত শর্ত মোতাবেক ব্যয় করতে হবে।

| ক্রমিক নং | জেলা | উপজেলার নাম | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | সুনামগঞ্জ | সুনামগঞ্জ সদর | সরকারি রাস্তা হতে মংগলকাটা উচ্চ বিদ্যালয়ের রাস্তা পাকা করণ (দৈর্ঘ্য ১১০ ফুট)। | ৩,০০,০০০/- | |
| ০২ | | তাহিরপুর | নালের বন্দ মধ্য-উত্তরপাড়া জামে মসজিদ, তাহিরপুর এর মাটি ভরাটসহ মেরামত ও উন্নয়ন প্রকল্প | ২,০০,০০০/- | |
| ০৩ | | দোয়ারাবাজার | দোয়ারাবাজার উপজেলার বোগলা রোসমত আলী রামসুন্দর স্কুল এন্ড কলেজের শ্রেণীকক্ষ সংস্কার প্রকল্প | ২,০০,০০০/- | |
| | | | মোট= | ৭,০০,০০০/- | |

শর্তাবলী:

- ২০২৫-২০২৬ অর্থবছরে ২য় কিস্তি বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন আগামী ৩১/০৬/২০২৬ খ্রি: তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে **এবং সমাপনান্তে প্রতিবেদন দাখিল করতে হবে।**
- এ কর্মসূচির অর্থ ব্যয় চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ খাত হতে নির্বাহ করা হবে।
- এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান ও টিআর কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু এবং অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।
- গৃহীত/ প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শনপূর্বক বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে।
- প্রি-ওয়ার্ক মেজারমেন্ট/প্রাক্কলণ ব্যতীত (কেবলমাত্র মাটির কাজের জন্য) প্রকল্পের অর্থ ছাড় করা যাবেনা, প্রি-ওয়ার্ক ডকুমেন্টের ছবি তুলে রাখতে হবে, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করতে হবে যাতে কর্মত্তোর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে।
- নির্ধারিত সময় সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ি ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত আইন/বিধি মোতাবেক ব্যবস্থা করতে হবে।
- **প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মৰকর্তাদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।**
- বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।
- প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতি প্রতিবেদন এবং বাস্তবায়িত প্রকল্পের মাস্টাররোল সমন্বয়ান্তে চূড়ান্ত প্রতিবেদন এ কার্যালয় এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

- নিরীক্ষার জন্য হিসাব/ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।
- উপজেলা নির্বাহী অফিসার তাঁর অনুকূলে জারিকৃত উপ-বরাদ্দ পত্রটি তাঁর ওয়েবসাইটে upload করবেন। এছাড়া উপজেলার তথ্য বাতায়নে সকল বরাদ্দপত্র upload করবেন।
- এতে জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

(হাসিবুল হাসান ডিও)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা(অ:দা:)
জেলা প্রশাসক সুনামগঞ্জ এর পক্ষে
ফোন- ০২-৯৯৮৮৪২০৯৬

উপজেলা নির্বাহী অফিসার
সুনামগঞ্জ সদর, তাহিরপুর, দোয়ারাবাজার, সুনামগঞ্জ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

১. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, সিলেট।
৪. পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্হাপনা অধিদপ্তর, ঢাকা।
৫. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সুনামগঞ্জ।
৬. প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। (পত্রটি জেলা তথ্য বাতায়নে upload করার জন্য অনুরোধ করা হল।)
৭. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, তাহিরপুর, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৮. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, তাহিরপুর, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৯. অফিস কপি।

বিভাগীয় কমিশনারের কার্যালয়
সিলেট বিভাগ, সিলেট।

বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে বিভাগীয় কমিশনার, সিলেট মহোদয়ের অনুমোদিত প্রকল্প তালিকাসমূহ:

| ক্রমিক নং | জেলা | উপজেলার নাম | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | সুনামগঞ্জ | সুনামগঞ্জ সদর | সরকারি রাস্তা হতে মংগলকাটা উচ্চ বিদ্যালয়ের রাস্তা পাকা করণ (দৈর্ঘ্য ১১০ ফুট)। | ৩,০০,০০০/- | |
| ০২ | | তাহিরপুর | নালের বন্দ মধ্য-উত্তরপাড়া জামে মসজিদ, তাহিরপুর এর মাটি ভরাটসহ মেরামত ও উন্নয়ন প্রকল্প | ২,০০,০০০/- | |
| ০৩ | | দোয়ারাবাজার | দোয়ারাবাজার উপজেলার বোগলা রোসমত আলী রামসুন্দর স্কুল এন্ড কলেজের শ্রেণীকক্ষ সংস্কার প্রকল্প | ২,০০,০০০/- | |
| | | | মোট= | ৭,০০,০০০/- | |

সদয় অনুমোদনের জন্য

(হাবিবুল হাসান ডিও)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (অ:দা:)
সুনামগঞ্জ

অনুমোদিত

জেলা প্রশাসক
সুনামগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা-১
www.sylhetdiv.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৬.০০০০.০০৫.১৪.০০১.১৭.৪৫

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ / ১১ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে প্রকল্প বাস্তবায়নের জন্য বিভাগীয় কমিশনারের অনুকূলে বরাদ্দকৃত নগদ অর্থের উপ-বরাদ্দ প্রদান।**

সূত্র: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এর ০২ ডিসেম্বর ২০২৫ তারিখের ৫১.০১.০০০০.০১২.১৪.০০২.২৫.১১৫ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত মঞ্জুরীপত্রের আলোকে ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ২য় পর্যায়ে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের জন্য সুনামগঞ্জ জেলার বর্ণিত উপজেলাসমূহের অনুকূলে গৃহীত প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত পার্শ্বে বর্ণিত পরিমাণ নগদ অর্থ তাঁর বরাবরে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

| ক্রমিক | জেলা | উপজেলা | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | সুনামগঞ্জ | সুনামগঞ্জ সদর | সরকারি রাস্তা হতে মঙ্গলকাটা উচ্চ বিদ্যালয়ের রাস্তা (দৈর্ঘ্য ১১০ ফুট) পাকাকরণ প্রকল্প | ৩,০০,০০০/- | - |
| ২ | | তাহিরপুর | নালের বন্দ মধ্য-উত্তর পাড়া জামে মসজিদ, তাহিরপুর এর মাটি ভরাটসহ মেরামত ও উন্নয়ন প্রকল্প | ২,০০,০০০/- | - |
| ৩ | | দোয়ারাবাজার | দোয়ারাবাজার উপজেলার বোগলা রোসমত আলী রামসুন্দর স্কুল এন্ড কলেজের শ্রেণিকক্ষ সংস্কার প্রকল্প | ২,০০,০০০/- | - |
| **মোট=(সাত লক্ষ টাকা)** | | | | **৭,০০,০০০/-** | - |

**শর্তসমূহ:**

(১) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি বিধান ও টি.আর কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১-এ বর্ণিত অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(২) এ কর্মসূচির অর্থ ব্যয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় থেকে সর্বশেষ জারীকৃত "গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি নির্দেশিকা-২০২১" এর সংশোধনীসহ সকল বিধি-বিধান/পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(৩) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।

(৪) নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(৫) প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কর্মকর্তাদের তদারকি নিশ্চিত করতে হবে। ব্যর্থ হলে জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।

(৬) এ কর্মসূচির বিপরীতে প্রকল্প গ্রহণ, অনুমোদন ও বাস্তবায়ন আগামী ৩১ মার্চ ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

(৭) এ ব্যয় ২০২৫-২০২৬ অর্থবছরের বাজেট কোড নং ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২১১০১ (ibas কোড ১৪৯০১০১-১২০০০১৯০৪০০০০০০-৩৭২১১০১) খাত হতে নির্বাহ করা হবে।

১১.১২.২০২৫
(দেবজিৎ সিংহ)
অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)
ফোন: ০২৯৯৬৬৪৩৩৯১
ইমেইল: divcomsylhet@mopa.gov.bd

জেলা প্রশাসক
সুনামগঞ্জ